

## মহেশখালীতে কোডেকের শিখন স্কুল

মহেশখালী (কক্সবাজার) সংলগ্ন অঞ্চলে কক্সবাজার জেলার শিক্ষায় শিথিলে পড়া বীণ মহেশখালী। স্বাধীনতার রেও শিক্ষার হার তুলনামূলকভাবে বৃদ্ধি পায়নি এ উপজেলায়। শিক্ষার হার বৃদ্ধি করার প্রয়াসে বেসরকারি উন্নয়ন সংস্থা কুমিল্লাসিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক) এগিয়ে আসে। ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে সেউ ন্যাশনাল সেন্টারের কারিগরি সহায়তায় এবং সরকারি এনসিটিবি বই ব্যবহার করে শিখন প্রকল্পের মাধ্যমে ২০১০ সালে শুরু করে পিতা শিক্ষা কার্যক্রম। নিম্নবিত্ত পরিবারের ও শিক্ষকদের সমস্যা উন্নত প্রশিক্ষণের মাধ্যমে পাঠদান, ক্রীড়া সামগ্রী ব্যবহার মাধ্যমে পাঠক্রম পরিচালনা করার শিখনের শিখন স্কুলে পাঠাতে অভিভাবকতা বেশি আগ্রহী।

উপজেলার ৮টি ইউনিয়নের ৮৯টি গ্রামে শিখন প্রকল্পের কর্মসূচি পরিচালিত হচ্ছে। ১০৫ জন নারী শিক্ষক পাঠদানের সাথে নিয়োজিত। এ প্রকল্পের ১০৫টি ক্লাসকে বেধা অনুসারে ঘাচাই-বাছাই করে এ গ্রুপে ৫৭টি বি গ্রুপে ৭১টি সি গ্রুপে ০৭টি ক্লাস মান নির্ণয় করা হয়েছে। উপজেলার শাপলাপুর ইউনিয়নে ক্লাস কমানিটির বিশেষ সভার পরিতে এ গ্রুপে ১২টি শিখন স্কুল সফলতার সাথে পাঠক্রম কার্যক্রম বিশেষ ভূমিকা রেখেছে। ১০৫টি ক্লাসে ২০৫৪ জন ছাত্র ২২৫৯ জন ছাত্রী শিক্ষার সুযোগ পাবে।

মহেশখালী উপজেলা শিক্ষা অফিসার মো. মহিদুল্লাহ জানান, সরকারি প্রাথমিক স্কুল ছাড়া শিক্ষা বঞ্চিত যেসব গ্রাম রয়েছে সেসব এলাকায় কোডেকের বত অন্যান্য বেসরকারি সংস্থা শিক্ষা কার্যক্রমে এগিয়ে এসে মহেশখালীর শিক্ষার হার দ্রুত বৃদ্ধি পাবে।